



শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন প্রকল্প



ICRC



আদনান ওয়াহিদ/ আইসিআরসি



আদনান ওয়াহিদ/ আইসিআরসি



মিলিপ মঙ্গলান/ আইসিআরসি

শারীরিক প্রতিবন্ধীদের জন্য আইসিআরসির পুনর্বাসন প্রকল্প

পুনর্বাসনের মাধ্যমে শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির সচল হতে সক্ষম হন, সামাজিক মর্যাদা ফিরে পান এবং সমাজে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন।

আন্তর্জাতিক রেড ক্রস কমিটি (আইসিআরসি)-এর শারীরিক পুনর্বাসন কার্যক্রমের উদ্দেশ্য হলো যে সকল দেশে আইসিআরসি কাজ করে সেখানকার শারীরিক প্রতিবন্ধীদের জন্য পুনর্বাসন সেবা সুগম এবং সহজলভ্য করা।

বাংলাদেশে আইসিআরসি পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র, সেন্টার ফর রিহ্যাবিলিটেশন অফ দ্য প্যারালাইজড (সিআরপি)-এর সহযোগী হয়ে দুঃস্থ প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাভাবিক জীবনযাপনে সাহায্য করছে।

এই প্রকল্পের অন্তর্ভুক্ত সেবাগুলো হলোঃ

- দুঃস্থ ও অসহায় প্রতিবন্ধী ব্যক্তিদের সুলভ এবং উন্নতমানের কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ (অর্থসিস এবং প্রসথেসিস সহায়ক সামগ্রী) প্রদান;
- স্থানীয় টেকনিশিয়ানদের (অর্থো-প্রসথেটিস্টস) আন্তর্জাতিক মানের কারিগরী প্রশিক্ষণ প্রদান;
- সহযোগী প্রতিষ্ঠান এবং কর্তৃপক্ষের সামর্থ্য বৃদ্ধি করা যাতে তারা দুঃস্থ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য টেকসই অর্থসিস এবং প্রসথেসিস চিকিৎসা নিশ্চিত করতে পারেন;
- কৃত্রিম অঙ্গপ্রাণ্ড রোগীদের ফিজিওথেরাপি চিকিৎসার মাধ্যমে সঠিক উপায়ে হাঁটতে সক্ষম করে তোলা;
- ভোকেশনাল (কারিগরী) প্রশিক্ষণের দ্বারা প্রতিবন্ধকতার শিকার ব্যক্তিদের জীবিকার সুযোগ সৃষ্টি করা।

আইসিআরসি প্রদত্ত সেবা

সিআরপিতে চিকিৎসারত দুঃস্থ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইসিআরসি নিম্নোক্ত খরচ বহন করে থাকেঃ

- কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ তৈরির সামগ্রী প্রদান;
- রোগী সিআরপিতে থাকাকালীন সময়ে তার বাসস্থান এবং খাবারের সুবিধাদি;
- রোগীর বাসস্থান থেকে সিআরপিতে যাতায়াতের ভাড়া এবং যাতায়াত ব্যয়ের রসিদ সিআরপিতে জমা বাবদ রোগীদের সমপরিমাণ অর্থ পরিশোধ করা হবে।

রোগীদের জন্য আবশ্যিক

প্রতিটি রোগীর শারীরিক গঠন অনুযায়ী তার জন্য কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ তৈরী করা হয় সিআরপি ওয়ার্কশপে। এ কারণে পুনর্বাসন প্রক্রিয়া কিছুটা সময়সাপেক্ষ এবং রোগীদের সিআরপিতে দুই সপ্তাহ পর্যন্ত অবস্থান করতে হতে পারে। এসময়ের জন্য নিত্য ব্যবহার্য সামগ্রী যেমন পোশাক, সাবান, ওষুধ, দাঁতের ব্রাশ ইত্যাদি রোগীদের সাথে নিয়ে আসতে হবে।

চিকিৎসা পরবর্তীকালীন সময়ে নিজেদের কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ পরিচালনা এবং সক্রিয় রাখতে রোগীরা দায়বদ্ধ। যদি কোন কৃত্রিম অঙ্গ কোন কারণে ক্ষতিগ্রস্ত হয় তা মেরামত অথবা প্রতিস্থাপনের জন্য ব্যবহারকারীকে সিআরপিতে ফিরে আসতে হবে।

যাতায়াত ব্যয়ের রসিদ সিআরপিতে জমা বাবদ রোগীদের সমপরিমাণ অর্থ পরিশোধ করা হবে।



ফিলিপ মরগান/আইসিআরসি

সমাজে অন্তর্ভুক্তি / সামাজিক সমগ্রতা

শিক্ষা এবং চাকুরির সুযোগ কিংবা সাংসারিক দায়িত্ব পালনে প্রতিবন্ধী ব্যক্তির প্রায়ই বিভিন্ন সামাজিক বাধার সম্মুখীন হন। এসকল ভুক্তভোগীদের সমাজে অন্তর্ভুক্তি সুগম করতে সিআরপি একটি কর্মসূচি পরিচালনা করে থাকে। এই কর্মসূচির অন্তর্গত ভোকেশনাল (কারিগরি) প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তা করছে আইসিআরসি যাতে দুঃস্থ প্রতিবন্ধী ব্যক্তির সমাজে প্রতিষ্ঠিত হতে এবং তাদের জীবন-যাত্রার মান উন্নয়নে সক্ষম হন।

লক্ষ্য

আন্তর্জাতিক রেড ক্রস কমিটি (আইসিআরসি) একটি পক্ষপাতহীন, নিরপেক্ষ এবং স্বাধীন সংস্থা যার বিশেষ মানবিক লক্ষ্য হলো সশস্ত্র-সংঘাত ও অন্যান্য সহিংস ঘটনায় ক্ষতিগ্রস্তদের জীবন ও আত্মমর্যাদা রক্ষা এবং তাদেরকে সহায়তা প্রদান করা। সেই সাথে আইসিআরসি ঐকান্তিকভাবে প্রচেষ্টা করে আন্তর্জাতিক মানবিক আইন ও সর্বজনীন মানবিক নীতিমালাগুলোর প্রচার ও বাস্তবায়নের মাধ্যমে মানুষের ভোগান্তি প্রতিরোধ করতে।

১৮৬৩ সালে প্রতিষ্ঠিত আইসিআরসি'র যাত্রা শুরু হয় জেনেভা কনভেনশন এবং আন্তর্জাতিক রেড ক্রস রেড ক্রিসেন্ট আন্দোলনের মধ্য দিয়ে। সংঘাতকালীন পরিস্থিতিতে রেড ক্রস রেড ক্রিসেন্ট আন্দোলন দ্বারা সংগঠিত আন্তর্জাতিক ড্রান কার্যক্রমগুলো আইসিআরসি পরিচালিত ও সমন্বিত করে থাকে।

পক্ষাঘাতগ্রস্তদের পূর্নবাসন কেন্দ্র (সিআরপি)
পোঃ সিআরপি চাপাইন, সাভার, ঢাকা-১৩৪৩
টেলিফোন +৮৮ ০২ ৭৭৪৫৪৬৪-৫
ফ্যাক্স +৮৮ ০২ ৭৭৪৫০৬৯
ই-মেইল contact@crp-bangladesh.org
www.crp-bangladesh.org

এ. কে. খান - সিআরপি চট্টগ্রাম কেন্দ্র
(কালুরঘাট ব্রিজ সংলগ্ন)
পোঃ মোহরা, কালুরঘাট, চট্টগ্রাম
টেলিফোন +৮৮ ০৩১২ ৫৭৩৪১২

আন্তর্জাতিক রেড ক্রস কমিটি
বাড়ি#৭২, রোড#১৮, ব্লক# জে
বানানী, ঢাকা- ১২১৩, বাংলাদেশ
টেলিফোন +৮৮ ০২ ৮৮৩৭৪৬১, ৮৮৩৫৫১৫
ফ্যাক্স + ৮৮ ০২ ৮৮৩৭৪৬২
ই-মেইল dhaka@icrc.org, www.icrc.org/bd
© আইসিআরসি, অক্টোবর ২০১৩



ICRC